

## **া** কিয়ামতের ভয়াবহতা ও তারপর

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

তাওহীদবাদী গুনাহগারদের জাহান্নাম থেকে মুক্ত করা

হাদীসে এসেছে: আবু সায়ীদ আল খুদরী রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

أَمَّا أَهْلُ النَّارِ الَّذِينَ هُمْ أَهْلُهَا، فَإِنَّهُمْ لَا يَمُوتُونَ فِيهَا وَلَا يَحْيَوْنَ، وَلَكِنْ نَاسٌ أَصَابَتْهُمُ النَّارُ بِذُنُوبِهِمْ \_ أَوْ قَالَ» بِخَطَايَاهُمْ \_ فَأَمَاتَهُمْ إِمَاتَةً حَتَّى إِذَا كَانُوا فَحْمًا، أُذِنَ بِالشَّفَاعَةِ، فَجِيءَ بِهِمْ ضَبَائِرَ ضَبَائِرَ، فَبُثُوا عَلَى أَنْهَارِ بِخَطَايَاهُمْ \_ فَأَمَاتَهُمْ إِمَاتَةً حَتَّى إِذَا كَانُوا فَحْمًا، أُذِنَ بِالشَّفَاعَةِ، فَجِيءَ بِهِمْ ضَبَائِرَ ضَبَائِرَ، فَبُثُوا عَلَى أَنْهَارِ وَلَا السَّيْلُ «الْجَنَّةِ، ثُمَّ قِيلَ: يَا أَهْلَ الْجَنَّةِ، أَفِيضَنُوا عَلَيْهِمْ، فَيَنْبُثُونَ نَبَاتَ الْحِبَّةِ تَكُونُ فِي حَمِيلِ السَّيْلُ

"যারা জাহান্নামবাসী তারা মরবেও না আবার বাঁচবেও না। কিন্তু যে সকল (ঈমানদার) মানুষ পাপের কারণে জাহান্নামে যাবে তাদের এক ধরনের মৃত্যু ঘটানো হবে। তারা পুরে কয়লা হয়ে যাবে। তখন তাদের ব্যাপারে সুপারিশ করার অনুমতি দেওয়া হবে। তাদেরকে এক এক দল করে জাহান্নাম থেকে বের করা হবে। অতঃপর জান্নাতের নদীতে রাখা হবে। এরপর বলা হবে হে জান্নাতবাসীরা! তোমরা তাদের উপর পানি ঢালো। ফলে তারা উদ্ভিদের মতো জীবন লাভ করবে, যেমন বন্যার পানির পলি পেয়ে উদ্ভিদ জন্ম লাভ করে থাকে"। [1]

এ হাদীসের ব্যাখ্যায় ইমাম নববী রহ. বলেন, কুফুরী করার কারণে যারা জাহান্নামে যাবে তারা চিরকাল সেখানে অবস্থান করবে। তাদের কখনো মৃত্যু হবে না। যেমন, আল্লাহ তা আলা বলেন,

وَٱلَّذِينَ كَفَرُواْ لَهُما اَ نَارُ جَهَنَّمَ لَا يُقاضَىٰ عَلَياهِمِ اَ فَيَمُوتُواْ وَلَا يُخَفَّفُ عَناهُم مِّن اَ عَذَابِهَا اَ كَذَٰلِكَ نَجازِي ﴿ وَٱلَّذِينَ كَفُرُواْ لَهُما اَلَهُ مَا اَلَّهُ اللهُ ال

"আর যারা কুফুরী করে, তাদের জন্য রয়েছে জাহান্নামের আগুন। তাদের প্রতি এমন কোনো ফয়সালা দেওয়া হবে না যে, তারা মারা যাবে এবং তাদের থেকে জাহান্নামের আযাবও লাঘব করা হবে না। এভাবেই আমরা প্রত্যেক অকৃতজ্ঞকে প্রতিফল দিয়ে থাকি"। [সূরা আল-ফাতির, আয়াত: ৩৬]

এমনিভাবে আল্লাহ তা'আলা বলেন,

[ثُمَّ لَا يَمُوتُ فِيهَا وَلَا يَداَيني ١٣ ﴾ [الاعلى: ١٣ ﴿

"তারপর সে সেখানে মরবেও না আর বাঁচবেও না"। [সূরা আল-আলা, আয়াত: ১৩]

আহলে সুন্নাত ওয়াল জামাতের আকীদা এটাই যে জান্নাতের সুখ আর জাহান্নামের শান্তি চিরস্থায়ী। তবে এ হাদীসে বর্ণিত মৃত্যু হলো আল্লাহ তা'আলার তাওহীদ বা একত্ববাদে বিশ্বাসী জাহান্নামীদের জন্য। তাদের শান্তির অনুভূতি লোপ করে মৃত্যুর মতো এক ধরনের অনুভূতিহীনতা দান করা হবে। তাদের নিজ পাপ অনুযায়ী শান্তি ভোগ করানো হবে। তাদের এক ধরনের অনুভূতিহীনতা প্রদান করা হবে। এটাকে বলা হয়েছে তারা কয়লা হয়ে যাবে। এরপর তাদের নতুন জীবন দান করা হবে। কাজেই মৃত্যু দেওয়া হবে না বলে যে বাণী এসেছে সেটা কাফিরদের



জন্য প্রযোজ্য। (শরহে মুসলিম)

## ফুটনোট

[1] সহীহ মুসলিম, হাদীস নং ১৮৫।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=13541

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন